# নোটিশ-২০২৩

তারিখ: ১৬/১১/২০২৩খ্রিঃ

আহমেদ বাওয়ানী একাডেমী স্কুল এন্ড কলেজ-এর ২০২৩-২৪ একাদশ শ্রেণিতে নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তি প্রদানের লক্ষ্যে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের তথ্য চাওয়া হয়েছে। এমতাবস্থায় ২০২৩-২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে নতুন ভর্তিকৃত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীগণ নিজ নিজ শ্রেণি শিক্ষকের নিকট হতে তথ্য ফরম সংগ্রহ করে তা যথাযথভাবে পূরণপূর্বক আগামী ২৬/১১/২০২৩ (রবিবার) এর মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ জমা দিতে হবে। উল্লেখিত তারিখ-এর পর কোন প্রকার আবেদন ফরম বিতরণ ও জমা নেওয়া হবেনা।

পূরণকৃত ফরমের সাথে অবশ্যই নিম্নে উল্লেখিত কাগজপত্র জমা দিতে হবে।

- শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদের ফটোকপি (১৭ সংখ্যা)
- পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা)
- পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা)
- এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও নম্বর পত্রের ফটোকপি
- শিক্ষার্থীর অভিভাবকের (পিতা/মাতা/অন্যান্য) জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে খোলা সচল/বৈধ মোবাইল ব্যাংকিং অথবা ব্যাংক একাউন্ট নম্বর।
- একই একাউন্ট নম্বর/মোবাইল নম্বর একাধিক শিক্ষার্থীর ক্ষেত্রে ব্যবহার করা যাবে না।
- পিতা/মাতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতা/মাতার জাতীয় পরিচয় পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে পিতা/মাতার নাম প্রদান করতে হবে।
- স্কুল ব্যাংকিং/এজেন্ট ব্যাংকিং এর ক্ষেত্রে যার নামে একাউন্ট খোলা হয়েছে হিসাবধারী নাম হিসাবে তাঁর নাম এন্ট্রি করতে হবে।
- সরকারী অন্য কোন উৎস হতে মেধাবৃত্তি/উপবৃত্তি/শিক্ষাভাতা পেয়ে থাকলে উক্ত শিক্ষার্থী আবেদন করতে পারবে না।
- আবেদন ফরমে চাওয়া প্রত্যেকটি তথ্য (সিলেকশন ক্রাইটেরিয়াসহ) অবশ্যই পূরণ করতে হবে। অসম্পূর্ণ ফরম ও কাটাছেড়া করা আবেদন ফরম বাতিল হিসেবে গণ্য হবে।

উল্লেখ্য যে, আবেদন করলেই উপবৃত্তি প্রাপ্তির জন্য নিশ্চয়তা প্রদান করে না। আবেদনকারী শিক্ষার্থী প্রদত্ত তথ্যাদি HPS-MIS এর মাধ্যমে বিশ্লেষণ করে উপবৃত্তি প্রাপ্তির জন্য কেন্দ্রীয়ভাবে শিক্ষার্থী নির্বাচন করা হয়।

16-11-2023

(মোঃ মোশারিফ হোসেন মুন্সী)
অধ্যক্ষ
আহমেদ বাওয়ানী একাডেমী স্কুল এন্ড কলেজ
আরমানীটোলা, ঢাকা-১১০০।

Md. Mosharof Hossain Munshi
Principal